

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কর কমিশনারের কার্যালয়
কর অঞ্চল-১৩, ঢাকা।
১৫, পুরানা পল্টন (চৌধুরী কমপ্লেক্স), ঢাকা-১০০০।

নথি নং- বিভাগীয়/কঃঅঃ-১৩/২০২৫-২০২৬/

তারিখঃ ০৮ বৈশাখ ১৪৩৩ বঙ্গাব্দ
২১ এপ্রিল ২০২৬ খ্রিষ্টাব্দ

অফিস আদেশ

যেহেতু, জনাব গালিব মোঃ রাসেল, সীট-মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর, কর অঞ্চল-১৩, ঢাকা বিগত ০৮/০৮/২০১২ খ্রি. হতে ৩০/০৮/২০১২ খ্রি. পর্যন্ত ২৩ দিন; ০৯/০৯/২০১২ খ্রি. হতে ০৯/১০/২০১২ খ্রি. পর্যন্ত ৩১ দিন; ০১/১১/২০১২ খ্রি. ০১ দিন; ১১/১১/২০১২ খ্রি. হতে ১৪/১১/২০১২ খ্রি. পর্যন্ত ৪ দিন; ২৮/১১/২০১২ খ্রি. ০১ দিন; ০৪/১২/২০১২ খ্রি. হতে ০৮/০১/২০১৩ খ্রি. পর্যন্ত ৩৬ দিন এবং ০৯/০১/২০১৩ খ্রি. হতে ২২/১০/২০২৫ খ্রি. পর্যন্ত ১২ বছর ৯ মাস ১৩ দিন অর্থাৎ সর্বমোট ১৩ বছর ১৮ দিন কর্তৃপক্ষের অনুমতি ব্যতিত কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন;

যেহেতু, সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩ এর উপবিধি (গ) অনুযায়ী 'পলায়ন' এর অপরাধ বিবেচনায় ০১/২০২৫ নম্বর বিভাগীয় মামলা বৃজুকরতঃ এ কার্যালয়ের ১০ নভেম্বর ২০২৫ খ্রি. তারিখের ১৭৮ নং স্মারকমূলে অভিযোগনামা ও অভিযোগ বিবরণী তীর বর্তমান ও স্থায়ী ঠিকানায় প্রেরণ করা হয়। তিনি লিখিত জবাব বা ব্যক্তিগত শুনানী চেয়ে আবেদন করেননি;

যেহেতু, তীর বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্তের জন্য কর কমিশনারের কার্যালয়, কর অঞ্চল-১৩, ঢাকা এর নথি নং- বিভাগীয়/কঃঅঃ-১৩/২০২৫-২০২৬/২০১; তারিখঃ ২৬ নভেম্বর ২০২৫ খ্রিষ্টাব্দ মোতাবেক ০৩ (তিন) সদস্য বিশিষ্ট তদন্ত বোর্ড গঠন করা হয় এবং তদন্ত বোর্ড কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদনে তীর বিরুদ্ধে আনীত অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে মর্মে উল্লেখ করা হয়;

যেহেতু, বিধি মোতাবেক দ্বিতীয় কারণ দর্শানো নোটিশ তীর বর্তমান ও স্থায়ী ঠিকানায় প্রেরণ করা হয় এবং ০৭ (সাত) কর্মদিবসের মধ্যে জবাব প্রদানের নির্দেশ প্রদান করা হয়। তিনি কোনো জবাব প্রদান না করায় সরকারি কর্মচারী শৃঙ্খলা ও আপিল বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(গ) অনুযায়ী "পলায়ন (Desertion)" এর অভিযোগ প্রমাণিত হয়েছে;

যেহেতু, সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪ এর উপবিধি ৩(১)(ঘ) মোতাবেক অননুমোদিত অনুপস্থিতির তারিখ অর্থাৎ ০৪ ডিসেম্বর ২০১২ খ্রি. থেকে সরকারি চাকরি হতে বরখাস্ত (Dismissal) আরোপের গুরুদণ্ড আরোপের সিদ্ধান্ত গৃহীত হয়;

সেহেতু, জনাব গালিব মোঃ রাসেল, সীট-মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর, কর অঞ্চল-১৩, ঢাকা কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪ এর উপবিধি ৩(১)(ঘ) মোতাবেক সরকারি চাকরি থেকে ০৪ ডিসেম্বর ২০১২ খ্রি. তারিখ হতে "চাকরি হতে বরখাস্তকরণ" (Dismissal) করা হলো।

জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

স্বা! ২১/০৪/২০২৬

(কবীর উদ্দিন মোল্লা)

কর কমিশনার

কর অঞ্চল-১৩, ঢাকা।


ফোনঃ ২২৩৩৫৮৬২২

নথি নং- বিভাগীয়/কঃঅঃ-১৩/২০২৫-২০২৬/ ৪৭৪(১-১০)

তারিখঃ ০৮ বৈশাখ ১৪৩৩ বঙ্গাব্দ
২১ এপ্রিল ২০২৬ খ্রিষ্টাব্দ

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ১। সদস্য (কর প্রশাসন ও মানব সম্পদ ব্যবস্থাপনা), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
- ২। কর কমিশনার, কর অঞ্চল-১৩, ঢাকা।
- ৩। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, সেগুনবাগিচা, ঢাকা।
- ৪। উপ-পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা। [পরবর্তী গেজেটে প্রকাশ ও প্রকাশিত গেজেটের ১০ (দশ) কপি অত্র কার্যালয়ে প্রেরণের অনুরোধসহ]
- ৫। দ্বিতীয় সচিব (কর প্রশাসন-৪), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
- ৬। সহকারী প্রোগ্রামার, কর অঞ্চল-১৩, ঢাকা। (ওয়েবসাইটে প্রকাশের জন্য)
- ৭। বক্তৃগত সহকারী, কর অঞ্চল-১৩, ঢাকা। (কর কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ৮। সংস্থাপন শাখা/হিসাব শাখা/নাজির শাখা, কর অঞ্চল-১৩, ঢাকা।
- ৯। অভিযুক্ত কর্মচারী জনাব গালিব মোঃ রাসেল, সীট-মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর, কর অঞ্চল-১৩, ঢাকা।
স্থায়ী ঠিকানাঃ পিতাঃ মৃত মোঃ সিরাজুল হক, গ্রামঃ দক্ষিণ গাঁও; ইউনিয়নঃ সনমানিয়া; উপজেলাঃ কাপাসিয়া; জেলাঃ গাজীপুর।
বর্তমান ঠিকানাঃ পিতাঃ মৃত মোঃ সিরাজুল হক, লক্ষরদী পূর্বপাড়া, বালিয়াপাড়া, আড়াইহাজার, নারায়ণগঞ্জ।
- ১০। অফিস কপি।



(সুক্তি রানী সরকার)
উপকর কমিশনার
সদর দপ্তর (প্রশাসন)
কর অঞ্চল-১৩, ঢাকা।
ফোনঃ ২২৩৩৫৮৯৭৬

